Registrar Office
Jagannath University
Dhaka-1100, Bangladesh
Tel: (+880-2) 9534255
Fax: (+880-2) 47118449
E-mail: registrar@jnu.ac.bd
website: www.jnu.ac.bd

রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন : ৯৫৩৪২৫৫
ফ্যাক্স: (+৮৮০২) ৪৭১১৮৪৪৯

জবি/প্রশা-৩২(৯৬)/২০১০/ ১১৭৯

তারিখ: ০৫ ভাদ্র, ১৪৩৩ / ২০ আগস্ট, ২০২৬

ডিন/পরিচালক/চেয়ারম্যান/দপ্তর প্রধান
.................................................. অনুষদ/ইনস্টিটিউট/বিভাগ/দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**বিষয়:** দাপ্তরিক পত্রে 'নজরুল বর্ষ'-এর নির্ধারিত লোগো ব্যবহার প্রসঙ্গে।

সূত্র: ৩৭.০১.০০০০.০০০.০৩১.২৩.০০০১.২৩.২৫৮ তারিখ: ১৬ আগস্ট, ২০২৬ খ্রি. (ইউজিসি)
সূত্র: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৭.২৬.৪৬৫ তারিখ: ২৬ জুলাই, ২০২৬, খ্রি. (মন্ত্রিপরিষদ বিভাগ)

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার ২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত সময়কে 'নজরুল বর্ষ' হিসেবে ঘোষণা করেছেন। এ উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী ০২ জুলাই ২০২৬ তারিখে 'নজরুল বর্ষ'-এর লোগো উন্মোচন করেছেন। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের আদর্শ, চেতনা ও সৃষ্টিকে জাতির কর্ম ও মননে সমুন্নত রাখার প্রয়াসে এবং যথাযোগ্য মর্যাদায় 'নজরুল বর্ষ' উদ্‌যাপনের অংশ হিসেবে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর, দপ্তর/পরিদপ্তর, সংস্থা ও অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে ২৫ মে ২০২৭ পর্যন্ত সকল দাপ্তরিক পত্রে 'নজরুল বর্ষ'-এর নির্ধারিত লোগো যথাযথভাবে ব্যবহারের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

এ প্রেক্ষিতে, আপনার অনুষদ/ইনস্টিটিউট/বিভাগ/দপ্তরে উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক ২৫ মে ২০২৭ পর্যন্ত সকল দাপ্তরিক পত্রে 'নজরুল বর্ষ'-এর নির্ধারিত লোগো যথাযথভাবে ব্যবহারের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,

২০/০৮/২৬

(অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জবি/প্রশা-৩২(৯৬)/২০১০/ ১১৭৯

তারিখ: ০৫ ভাদ্র, ১৪৩৩ / ২০ আগস্ট, ২০২৬

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. পরিচালক, আইসিটি সেল (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ), জবি
২. ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. ডেপুটি রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. অফিস কপি।

20.8.2026

(সাহানা আক্তার)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-২)।